শ্রদ্ধেয় স্যার,

শুভেচ্ছা নিবেন। আশা করি ঈশ্বরের অশেষ কৃপায় পরিবার পরিজন নিয়ে সুস্থ রয়েছেন।

সংস্থার আইটি টিম এখন আমার জানা মতে অনেক ভালো করছে। কিন্তু আমি স্বল্প জ্ঞানে মনে করি যে, কিছু ছোট পরিবর্তন হয়তো আইটি টিমের আরো ভালো পর্যায়ে যাওয়াও ভূমিকায় রাখতে পারবে। আমার এই কিছু ব্যক্তিগত পরামর্শে কোন ভুল হলে স্যার ক্ষমা করবেন।

১. **আইটি কর্মীদের ব্যাকআপঃ** আইটি সংক্রান্ত কোন কাজ কারো একার দ্বায়িত্বে না রাখা। প্রত্যেকটি কাজের জন্যই (তা যতো ছোট হোক না কেন) একই লেভেলের নিম্নে ২ জনকে দ্বায়িত্ব দিয়ে রাখা। ফলে কোন কারণে যদি কোন আইটি কর্মী অব্যহতি নিলে বা মৃত্যুবরণ (ঈশ্বর না করুক) করলে বা অন্য কোন অঘটন ঘটলে সংস্থা বিপদে পড়বে না। যেমন: এমএফপি এর ফিল্ড আইটি অফিসারের কেউ না থাকলে অন্য একজন তার সকল কাজের ব্যাকআপ দিতে পারেন। কিন্তু ওয়েবসাইট, ফেসবুক, অনলাইন সফটওয়্যার, সার্ভার সহ ইত্যাদি অনেক কাজেই একাধিক কর্মীর দ্বায়িত্ব থাকা ভালো হবে বলে আমি মনে করি।

২. **ফলোআপঃ** প্রত্যেক আইটির কর্মীগণ তার দ্বায়িত্ব ঠিকমতো পালন করছে কিনা এটা সরোজমিনে ফলোআপ করা। এই সরজমিনে ফলোআপ পূর্বে ছিল। এটি নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ কারণ কোন আইটি কাজে ফাকি দিলে তার প্রভাব অন্যান্য কর্মীদের রেগুলার কাজের উপর পড়ে। যেহেতু অধিকাংশ কর্মী আইটি সংক্রান্ত কাজ বোঝে না তাই তাদের নয় ছয় বুঝিয়ে সমস্যাগুলো ধামাচাপা দেওয়া খুব কঠিন না।

৩. **পাসওয়ার্ডঃ** কাজের ক্ষেত্রে বিভিন্ন পর্যায়ের আইটিদের কাছে বিভিন্ন পাসওয়ার্ড থাকে যা বেশ কিছু ক্ষেত্রে আইটিদের নিজেদের কাছেই থাকে। কিন্তু এই গুরুত্বপূর্ণ পাসওয়ার্ডসমূহ কোন অবস্থাতেই যেন কোন কর্মীর একার কাছে না থাকে এটি নিশ্চিত করা এবং প্রতি মাসে রেকর্ডে সংরক্ষণ করা। কারণ এতে ভবিষ্যতে দ্বায়িত্বরত একজন আইটির কোন অঘটন ঘটলে আর একজন কাজ চালিয়ে নিতে পারবে। এমএফপি এর ক্ষেত্রে প্রত্যেক আইটি অফিসারের কাছে গচ্ছিত সকল পাসওয়ার্ড তার কোর্ডিনেটর কে দিতে হবে এবং তিনি সকল পাসওয়ার্ড সঠিক আছে কিনা তা তিনি ফলোআপ করবেন। এছাড়াও কিছু সময়ে কাজের চাপে বা কাজ সহজ করতে কেউ পাসওয়ার্ড অন্য আইটির কাছে দেন যা ঝুকিপূর্ণ। তাই যেকোন পাসওয়ার্ড হস্তান্তর অনুমোদন সাপেক্ষে করা ভালো।

৪. **আইটি অফিসারঃ** প্রত্যেক আইটি অফিসারকে ৩ বছর পরপর বদলি না করে, প্রয়োজন অনুসারে একই জায়গায় লম্বা সময় রাখা গেলে উক্ত স্থানের কাজ অনেক জব্দ হবে এবং আইটি অফিসাররা আরো দ্বায়িত্ব নিয়ে কাজ করবে বলে আমি মনে করি। কারণ কিছু ক্ষেত্রে দেখা গেছে ৩ বছর পর পর ট্রান্সফার হবে তাই অনেকে কাজ গুছিয়ে করেন না। দেখা যায় যে, প্রথম বছর চলে যায় সকল ব্রাঞ্চের সকলকে চিনতে, দ্বিতীয় বছর চলে যায় তাদের সমস্যা সমাধান করতে এবং তৃতীয় বছর আসলে কাজের গতি কমে যায় কারণ তিনি উক্ত বছর এর শেষে ট্রান্সফার হয়ে যাবেন তাই। ফলে পরবর্তী আইটি এসে বিপদে পড়েন কিন্তু আন্তঃসম্পর্ক ভালো রাখতে এই বিষয়ে কেউ নালিশ করেন না। উল্লেখ্য যে, আইটি অফিসাররা কোন রকম আর্থিক লেনদেনের সাথে জড়িত না থাকায়, ৩ বছরের বেশী সময় এক জায়গায় রাখা সংস্থার জন্য ঝুকি হবে না বলে আমি মনে করি এবং কাজের দায়বদ্ধতা বাড়বে।

৫. **পক্ষপাতিত্বঃ** বিগত ১ বছরে আইটি টিমে টিমওয়ার্ক খুবই উন্নত হয়েছে। সবার সাথে সবার আন্তঃসম্পর্কের উন্নয়ন হয়েছে। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে কিছু পক্ষপাতিত্ব এর জন্য আইটিদের ভিতর কিছু দুঃখ পরিলক্ষিত হচ্ছে। ফলে এই টিমওয়ার্ক আবার খারাপ এর দিকে যেতে পারে। উদাহরণসরূপঃ এমএফপি এর অনলাইন সফটওয়্যারের কোন কাজে সকল আইটিদের সহায়তা না নিয়ে, ১-২ জন আইটিদের কাজ শিখিয়ে কাজ করানো হচ্ছে এবং পরবর্তীতে উক্ত দ্বায়িত্ব দেওয়ার সময় তারা ভালো কাজ বোঝে দেখিয়ে হেডঅফিসে নেওয়া হচ্ছে। অথচ সে যে কি কাজ করে এটা অন্যদের সাথে শেয়ার করাও হচ্ছে না এবং বলা হচ্ছে এটা ম্যানেজমেন্ট এর সিদ্ধান্ত যা আলোচনা নিষেধ। আবার ট্রান্সফারের ক্ষেত্রেও পক্ষপাতিত্ব ব্যাপক বিরূপ প্রতিক্রিয়া ফেলে। সংস্থার স্বার্থে সবাই সব জায়গায় কাজ করতে প্রস্তুত থাকে। তাই উক্ত বিষয়ে খোলাখুলি আলোচনা করে নিলে সবাই খুশি মনে সংস্থার কাজ করবে এবং টিমওয়ার্ক ভালো হবে বলে আমি মনে করি।

৬. **শিফটিং ডিউটিঃ** এমএফপি এর কাজ বর্তমান সময়ে অনেক রাত করে শেষ হয়। ফলে ব্রাঞ্চ ম্যানেজার বা অ্যাকাউন্টসদের রাতে আইটিদের থেকে রিমোর্ট সাপোর্টের প্রয়োজন পড়ে। কিন্তু সকাল ৮.৩০ থেকে রাত ১২টা পর্যন্ত সাপোর্ট দেওয়া অনেক কঠিন হয়ে পড়ে। তাই রিমোর্ট সাপোর্টের জন্য হেড অফিসে ২ শিফটে আইটি সাপোর্টের ব্যবস্থা করা ফিল্ড পর্যায়ে অপারেশন কর্মীদের জন্য সুবিধার হবে।

৭. **অবগতকরণঃ** সংস্থায় বর্তমান সময়ে আইটি সংক্রান্ত বিষয়ে অনেক রকম পরিবর্তন আসছে এবং আসবে। উক্ত বিষয়সমূহ ফিল্ড আইটিদের অবগত করা হয় না এবং কিছু বিষয় একদম শেষ পর্যায়ে এসে জানানো হয়। ফলে অন্য আইটিদের কোন ভালো প্রস্তাব দেওয়ার সুযোগ থাকে না। যদি এই পরিবর্তনের পূর্বে বিষয়টি সকল আইটিদের অবগত করা হয় তাহলে অনেক আপডেট পরামর্শ তাদের মাধ্যম থেকে আসতে পারে, যা আমি মনে করি সংস্থার ভবিষ্যতের জন্য ভালো হবে। বর্তমানে কোন বিষয়ে না পারতে ফিল্ডে জানানো হয় না এবং কারণ দেখানো হয় যে মিটিং এর বিষয়সমূহ আলোচনা করা নিষেধ।

৮. **প্লানিংঃ** সফটওয়্যার প্লানিং এ সকল আইটির পরামর্শ নেওয়া অনেক সুফল বয়ে আনবে বলে আমি মনে করি। কারণ সকল আইটি প্রোগ্রামিং না বুঝলেও কিভাবে সফটওয়্যার ডিজাইন করলে অন্যান্য ব্যবহারকারীদের জন্য সহজ হবে, সে বিষয়ে ফিল্ডের আইটিরা বা যারা সরাসরি ব্যাবহারকারীদের আইটি সাপোর্ট দেন তারা অনেক ভালো আইডিয়া দিতে পারবেন।

৯. **মিটিংঃ** প্রতি বছর সম্মানিত ইডি স্যারের সাথে আইটি টিমের সর্বনিম্ন একটি মিটিং করা খুব জরুরী হয়ে পড়েছে। অনেকের অনেক বিষয় আপনার সাথে আলোচনা করার সুযোগ পেলে আমি মনে করি টিমের বর্তমান অবস্থা খোলাশা হবে।

স্যার উক্ত বিষয়গুলোর ভালো এবং খারাপ দিক থাকতে পারে। আমি হয়ত সবকিছু নিয়ে পূর্ণ চিন্তা করে উঠতে পারিনি। তাই বিষয়গুলোর কোনটি খারাপ মনে হলে ক্ষমা করবেন।

ধন্যবাদান্তে,

উইলিয়াম পিয়াস চৌধুরী

আইটি অফিসার - সিএসএস-এমএফপি (ঢাকা উত্তর জোন)

মোবাইলঃ ০১৯২৯-৬৬১৮৩৩